

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
বরিশাল বিভাগ  
ক্লাব রোড, বরিশাল  
[www.food.barisaldiv.gov.bd](http://www.food.barisaldiv.gov.bd)

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.০৬৮.১৮.১৮০২

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭


১৩ সেপ্টেম্বর ২০২০

অফিস আদেশ

ডিজিটাল বাংলাদেশ গঠন ও সরকারি সকল প্রতিষ্ঠানে সু-শাসন প্রতিষ্ঠা এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সরকার কর্তৃক ই-নথি কার্যক্রম চালু করা হয়েছে। এ কার্যক্রমটি বাস্তবায়নের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ নিরলস প্রচেষ্টা করে যাচ্ছেন এবং নিয়মিত তাগিদ প্রদান করছেন। বরিশাল বিভাগের সকল জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় দীর্ঘদিন যাবৎ ই-নথি সিস্টেমে সংযুক্ত রয়েছে। প্রতিটি দপ্তরের অধিকাংশ কর্মকর্তা/কর্মচারীকে সংশ্লিষ্ট দপ্তর হতে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে জানা যায়। তাছাড়া বর্তমানে সকল কার্যালয়ে পর্যাপ্ত সংখ্যক কম্পিউটারও রয়েছে। অথচ কোন কার্যালয় হতেই ই-নথি সিস্টেমের মাধ্যমে তেমন কোন চিঠি-পত্রাদি পাওয়া যাচ্ছে না। এতে প্রতীয়মান হচ্ছে যে, এ বিভাগের জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহ ই-নথি কার্যক্রম বাস্তবায়নে উদাসীনতা প্রদর্শন করছে। যা মোটেই কাম্য নয়।

ফলে বরিশাল বিভাগের জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে স্ব-স্ব দপ্তরের শতভাগ কার্যক্রম ই-নথি সিস্টেমের মাধ্যমে বাস্তবায়নের জন্য এতদ্বারা আদেশ প্রদান করা হলো।

এ আদেশ জারীর পর হতে ম্যানুয়াল পদ্ধতিতে চিঠিপত্র প্রেরণ কর মোটেই কাম্য নয়; কোন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে ম্যানুয়াল পদ্ধতিতে চিঠি-পত্র প্রেরণ করলে উক্ত কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের বিষয় বিবেচনা করা হবে এবং তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে তা প্রতিফলিত হবে এবং কোন ধরনের ওজর-আপত্তি বিবেচনা করা হবে না।



১৩-৯-২০২০

মোহাম্মদ ফারুক হোসেন

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ইমেইল: [rcf.bsl@dgfood.gov.bd](mailto:rcf.bsl@dgfood.gov.bd)

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.০৬৮.১৮.১৮০২/১(১০)


তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭

১৩ সেপ্টেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঝালকাঠি
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পিরোজপুর
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ভোলা
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পটুয়াখালী
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরগুনা



১৩-৯-২০২০

মোহাম্মদ ফারুক হোসেন

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক